# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

বিংশ বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
জুলাই ২০০৯

**রানি রাসমণি স্মারক বক্তৃতা-২০০৯**

বিদ্যামন্দিরের বিশিষ্ট প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানি রাসমণি স্মারক বক্তৃতা' এবছর নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে ঃ

তারিখ ঃ **১৫ আগস্ট ২০০৯, শনিবার**

সময় ঃ **বেলা ২ টা**

স্থান ঃ **বিবেকানন্দ হল** (রুম নং ১), বিদ্যামন্দির

বিষয় ঃ **রানি রাসমণির ব্যক্তিত্বমহিমা**

বক্তা ঃ **ডঃ দিলীপ নাহা**, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, প্রেসিডেন্সি কলেজ, কলকাতা

**এই বক্তৃতাসভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ।**

বিদ্যামন্দির (১৫.০৭.২০০৯) কর্মসচিব



The secret of religion lies not in theories but in practice. To be good and do good—that is the whole of religion.
**—Swami Vivekananda**

## সম্পাদকীয়

*প্রাক্তনীবার্তার বিংশ বর্ষের দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হল। প্রাক্তনী সংসদের বর্তমান কর্মসমিতির কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে ২০০৯-এর আগস্ট মাসে এবং সেই সঙ্গে শেষ হবে এই প্রাক্তনীবার্তা উপসমিতির মেয়াদও।*

*প্রাক্তনীবার্তা হল প্রাক্তনী সংসদের মুখপত্র। বিদ্যামন্দির এবং প্রাক্তনী সংসদ—এই দুই প্রতিষ্ঠানেরই উল্লেখযোগ্য সংবাদ পরিবেশন করে দুই প্রতিষ্ঠানের সংযোগসেতু হিসেবে কাজ করতে হবে প্রাক্তনীবার্তাকে; আর সেই সংযোগসেতুর নির্মাতা হচ্ছে সংসদের প্রাক্তনীবার্তা উপসমিতি। সেতু নির্মাণের কাজ যথাযথভাবে হচ্ছে কিনা তার বিচার করবেন সংসদের মাননীয় সদস্যবৃন্দ।*

*প্রাক্তনীবার্তা প্রকাশনায় যে সকল প্রাক্তনী এবং শুভানুধ্যায়ী আর্থিক সাহায্যের হাত প্রসারিত করে এগিয়ে এসেছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।*

*গত ২৫ মে পশ্চিমবাংলার উপর দিয়ে বয়ে গেল ভয়ংকর এক ঘূর্ণিঝড়, তার সাথে অবিশ্রান্ত বৃষ্টি—আবহবিদরা যার নাম দিয়েছেন 'আইলা'—এক প্রাকৃতিক বিপর্যয়। বেশ কিছু মানুষের মৃত্যু হল, বহু গবাদিপশুর প্রাণহানি ঘটল এবং ফসল নষ্ট হল কয়েক কোটি টাকার। এই বিপর্যয়ের পর লক্ষ লক্ষ মানুষ ঘরবাড়ি সহ সবকিছু হারিয়ে আজ এক দুঃসহ অবস্থার মধ্যে অভুক্ত বা অর্ধভুক্ত অবস্থায় দিন কাটাতে বাধ্য হচ্ছে। এই সমস্ত মানুষের প্রতি উদারভাবে সাহায্যের হাত প্রসারিত করতে আহ্বান জানাই সংসদের সদস্যবৃন্দের কাছে; এই সাহায্য পাঠানো যেতে পারে রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ প্রভৃতি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে।*

—নিত্যনিরঞ্জন কুন্ডু, প্রধান সম্পাদক

## বার্ষিক সাধারণ সভা ঃ ২০০৮-০৯

১৫ আগস্ট ২০০৯, শনিবার বিকেল ৩-১৫ মিনিটে বিবেকানন্দ হলে এই সভা অনুষ্ঠিত হবে। বিস্তারিত বিষয়সূচী ও কর্মসমিতি (২০০৯-১২)-র সদস্যপদে নির্বাচনের জন্য মনোনয়ন পত্র (৮.৮.০৯-এর মধ্যে পূরণ করে পাঠাতে হবে ইচ্ছুক প্রার্থীকে) এই পত্রিকার সঙ্গে আলাদাভাবে দেওয়া হল।

সকলের উপস্থিতি প্রার্থনীয়।

**—কর্মসচিব**

**বি.দ্র.** ঃ বার্ষিক সাধারণ সভার দিনে মধ্যাহ্নভোজনে যাঁরা ইচ্ছুক, তাঁরা ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনের (৯৮৩১৪৬৪৬৬০) মাধ্যমে জানিয়ে দেবেন।

## শোক সংবাদ

আলোচ্য পর্বে আমরা বিদ্যামন্দির পরিবারের তিনজন সদস্যের পরলোকগমনের সংবাদ পেয়েছি। তাঁদের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হল। সংসদ এঁদের প্রত্যেকের আত্মার চিরশান্তি কামনা করে এবং তাঁদের শোকসন্তপ্ত আত্মীয় পরিজনদের জানায় আন্তরিক সমবেদনা।

**ডঃ উপেন্দ্র নারায়ণ চক্রবর্তী ঃ** জন্ম ১৯৩৭ এর ২৪শে সেপ্টেম্বর অধুনা বাংলাদেশের কুমিল্লা জেলার লাকসামে। অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশুনা করেন লাকসাম হাই স্কুলে এবং তারপর বর্ধমান জেলার হাতনি পূর্ণচন্দ্র উচ্চবিদ্যালয় থেকে ১৯৫৩ সালে ম্যাট্রিক পাশ করেন। বিদ্যামন্দিরে আই এ পড়েছিলেন ১৯৫৩-৫৫-তে। এরপর বিদ্যাসাগর কলেজ থেকে ইতিহাসে অনার্স সহ বি এ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৫৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে এম এ করেন।

অধ্যাপক হিসেবে বিদ্যামন্দিরের ইতিহাস বিভাগে যোগদান করেন ১৯৬১-র ২৫ জুলাই এবং এই বিভাগেরই প্রধান হিসেবে অবসর গ্রহণ করেন ১ অক্টোবর ১৯৯৭-এ। বিদ্যামন্দিরে অধ্যাপনাকালেই তিনি PhD ডিগ্রী লাভ করেন। অধ্যাপক হিসেবে তিনি ছিলেন আন্তরিক এবং ছাত্রদরদী। তাঁর দুখানি গবেষণামূলক গ্রন্থ প্রকাশিত হয়েছে। বই পড়তে তিনি খুব ভালবাসতেন। বিদ্যামন্দিরে প্রাক্তনী সংসদ গঠিত হবার পূর্বে যে Vidyamandira Students' Re-Union Committee ছিল, তিনি ছিলেন তার প্রথম সম্পাদক এবং ১৯৭০-এর দশকের মাঝামাঝি সময় থেকে তাঁর সুদক্ষ পরিচালনায় বিদ্যামন্দিরের প্রাক্তনীদের কয়েকটি পুনর্মিলন উৎসব সুসম্পন্ন হয়।

জীবনের শেষের দিকে উনি পারকিনসন্স্ রোগে আক্রান্ত হন এবং বেশ কিছুদিন রোগভোগের পর ২০০৯-এর ১৮ ফেব্রুয়ারি রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে পরলোকগমন করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২।

**অধ্যাপক কামাখ্যা গোবিন্দ চোংদার ঃ** জন্ম অধুনা বাংলাদেশের রাজশাহী জেলার দীঘাপতিয়ায় ১৯২৬ সালে। দীঘাপতিয়ায় স্কুলের পড়াশুনা শেষ করে উনি রংপুরের কারমাইকেল কলেজ থেকে আই এ ও বি এ পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপরে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রথমে বি টি পরে ইংরেজীতে এম এ পাস করে ঐ বিশ্ববিদ্যালয় থেকেই লাইব্রেরী সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা লাভ করেন।

বিদ্যামন্দিরে ইংরেজী বিভাগের অধ্যাপক হিসেবে যোগদান করেন সম্ভবত ১৯৬৩-তে এবং ১৯৭৫-এর ৯ নভেম্বর বিদ্যামন্দির ত্যাগ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী সায়েন্স বিভাগে অধ্যাপনার কাজে নিযুক্ত হন। অকৃতদার, সদালাপী, সদাহাস্যমুখ, যুক্তিনিষ্ঠ কামাখ্যাবাবু অধ্যাপক হিসেবে ছিলেন খুবই জনপ্রিয় এবং ছাত্রদরদী। বাংলা ও ইংরেজীতে তিনি অনেক কবিতা লিখে রেখে গেছেন।

মাসখানেক ধরে শ্বাসকষ্টজনিত রোগভোগের পর ৮২ বছর বয়সে রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে তিনি দেহত্যাগ করেন ২০০৯-এর ২০ ফেব্রুয়ারি।

**শ্রী শৈলেন্দ্রনাথ ভট্টাচার্য ঃ** বিদ্যামন্দিরের অন্যতম কৃতী প্রাক্তনী (১৯৫৮-৬০)। ১৯৬০ সালে আই এ পরীক্ষায় পঞ্চম স্থানাধিকারী। প্রেসিডেন্সি কলেজ থেকে অর্থনীতিতে অনার্সসহ বি এ পাশ করে ১৯৬৪ সালে অর্থনীতি নিয়ে এম এ-তে উত্তীর্ণ হন এবং এম এ-র ফিনান্স এবং ব্যাংকিং পেপারে স্বর্ণপদক লাভ করেন।

১৯৬৪-৬৫ সালে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার পর স্টেট ব্যাংক অব ইন্ডিয়ায় অফিসার হিসাবে যোগদান করেন এবং এই ব্যাংকের ভাইজ্যাগ, কলকাতা, গুয়াহাটি, সিঙ্গাপুর প্রভৃতি কেন্দ্রে বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থাকে। চাকরি জীবনের শেষ পাঁচটি বছর তিনি মুম্বাইতে এই ব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং এস বি আই ক্যাপিট্যাল মার্কেট্স্-এর CFO (Chief Financial Officer) পদে নিযুক্ত ছিলেন। ৩১ ডিসেম্বর ২০০২-এ তিনি অবসর গ্রহণ করেন।

স্বল্পভাষী, বিনয়ী, তীক্ষ্ণধী শৈলেনদা হৃদরোগে আক্রান্ত হয়ে সল্টলেকের একটি বেসরকারী নার্সিংহোমে পরলোকগমন করেন ২০০৯ এর ১১ মে।

**—নিত্যনিরঞ্জন কুণ্ডু**

## প্রাক্তনীদের কৃতিত্ব

- ১৯৬৫-৬৮-র কৃতী প্রাক্তনী সুজিৎ সরকার সম্প্রতি পশ্চিমবঙ্গ পুলিশের ডিরেক্টর জেনারেল-এর পদ থেকে অবসর গ্রহণ করেছেন।
- বাংলা কথাসাহিত্যে বিশিষ্ট অবদানের জন্যে 'গজেন্দ্র কুমার মিত্র শতবার্ষিকী পুরস্কার'-এ সম্মানিত হলেন ১৯৭৩-৭৬ শিক্ষাবর্ষের প্রাক্তনী বর্তমানে সাহিত্য আকাদেমির পূর্বাঞ্চলীয় সচিব ডঃ রামকুমার মুখোপাধ্যায়। গত ২৬.০৩.০৯ তারিখে তাঁর হাতে পুরস্কার তুলে দেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি শ্রী চিত্ততোষ মুখোপাধ্যায়।

  সংযোজন ঃ সাহিত্য আকাদেমির স্থানান্তরিত পূর্বাঞ্চলীয় সদর দপ্তরের ঠিকানা ঃ ৪ ডি এল খান রোড, কলকাতা-২৫, দূরভাষ ঃ ২৪১৯ ১৭৮৪।
- ১৯৭৮-৮১ শিক্ষাবর্ষের প্রাক্তনী বাসব চৌধুরী ২৬.০৫.০৮ থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পদে বৃত হয়েছেন। এই পদে যোগ দেবার আগে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সায়েন্স কলেজে কেমিক্যাল ইঞ্জিনিয়ারীং-এর অধ্যাপক ছিলেন।
- ১৯৫৯-৬৪ শিক্ষাবর্ষের প্রাক্তনী অধ্যাপক ডঃ জগদীশ চন্দ্র মিশ্র ১ মে ২০০৯-এ আই. আই. টি. খড়গপুরের গণিত বিভাগ থেকে অবসর গ্রহণ করে ভুবনেশ্বরে SOA বিশ্ববিদ্যালয়ে সহ-উপাচার্য (অ্যাকাডেমিক) পদে যোগ দিয়েছেন।
- ১৯৭২-৭৫ শিক্ষাবর্ষের প্রাক্তনী শ্রী ইন্দ্রজিৎ চট্টোপাধ্যায় সম্প্রতি হাওড়া জেলার District and Session Judge পদে নিযুক্ত হয়েছেন।

প্রাক্তনী সংসদের পক্ষ থেকে এঁদের সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা।

—অধ্যাপক তপন কুমার ঘোষ

# AN HUMBLE APPEAL

Ramakrishna Mission Vidyamandira Alumni Association is earnestly trying since its inception, to associate itself with the activities of the Vidyamandira to serve Vidyamandira better. Vast is our desire but limited is our ability. Yet we are trying to overcome that barrier. For supplying purified drinking water in the Vidyamandira campus, the Alumni Association has already installed eight "Aquaguard" purifiers. Pecuniary help, though small, is also extended to the students of the Vidyamandira. We therefore, urge the esteemed alumni of our Vidyamandira to donate generously for the following ongoing programmes.

1. **Praktani Varta**

We are trying to publish this newsletter twice a year, but its cost is gradually increasing. We receive regular contribution from our distinguished alumni Dr. Subrata Ganguly and Dr. Dhiman Ganguly. We gratefully acknowledge their help. Yet we want to create a fund of Rs. 5 Lakh for its smooth and regular publication.

2. **Scholarships to the Poor Students**

It is a matter of great pleasure to announce that the graduates of 1971 contributed more than Rs. 7 lakh as endowment for scholarship to poor students of Vidyamandira. Numerous alumni also regularly help the present students personally. With the progress of time the number of poor and meritorious students is increasing gradually. The Alumni Association bears the burden to some extent. To support these students financially we wish to create another endowment fund of at least Rs. 6 lakh. We invite the same type of enterprise and assistance from other batches as well as from individuals.

3. **Health Care Project**

The Association has taken a new initiative in its Health Care Project alongwith Belur Shramajibi Swasthya Prakalpa Samity (Shramajibi Hospital). We bear a part of the cost of treatment of some of the poor patients treated at the Hospital. The number of such needy patients is increasing gradually. Financial assistance is also given to poor students of Vidyamandira for their medical treatment. We gratefully acknowledge the receipt of annual contribution from Dr. Satyabrata Paul, Shri Debasis Ghosh and Shri Ananda Mohan Ghosh of Sura-Bani-Parna Janaseba Kendra. But for this purpose a substantial amount is required to fulfil the needs of such poor patients and students. To meet these expenses we wish to create an endowment fund of Rs. 9 lakh. We appeal to our alumni to donate generously.

4. **Vivekananda Sammelan**

Once initiated by the Alumni Association, Vivekananda Sammelan is being organised now by Ramakrishna Mission Vidyamandira every year selecting a district of West Bengal. Alumni Association is actively co-operating with this noble project. Although last year Vidyamandira has received a lump sum grant from Govt. of West Bengal for this project, Alumni Association deeply feels to increase its share of help gradually.Thus, to fulfil our desire we need to build up a fund of Rs. 5 Lakhs for this project.

**Please note**

- Those who want to donate for any of the above projects, please mention the name of the project in your letter.
- Cheque or draft should be in favour of **"Ramakrishna Mission Vidyamandira Alumni Association"**.
- If the donation is meant for commemorating someone kindly mention it in your letter.

—**Manoj Kumar Bhattacharyya,** Secretary

# ADDRESS CHANGED?

It appears from our records that the address of the following alumni have been changed. If the changed addresses are known to the members of the Association or to the readers of Praktani Varta, they may kindly send the same to the office of the Association.

| Membership Nos | Name | Deg Yrs/ Hs Yrs | Membership Nos | Name | Deg Yrs/ Hs Yrs | Membership Nos | Name | Deg Yrs/ Hs Yrs |
|---|---|---|---|---|---|---|---|---|
| L-1102 | Abhimanyu Kar | 1994-96 | L-1791 | Dibyendu Chakraborty | 2004-07 | L-1369 | Sabyasachi Sarkar | 2002-04 |
| L-0086 | Amalendu Dutta Gupta | 1958-60 | L-0152 | Dibyendu Narayan Sarkar | 1956-58 | L-0070 | Samar Chatterjee | 1958-60 |
| L-1115 | Amiya Kumar Lahiri | 1957-59 | L-1398 | Dipankar Basak | 2001-04 | L-1190 | Sandip Kumar Nandi | 1981-86 |
| L-1582 | Amlan Ray | 1997-2000 | L-0372 | Durgasankar Mukhopadhyay | 1957-59 | L-1639 | Satrajit Banerjee | 2003-06 |
| L-0502 | Ankuran Das | 1995-97 | L-0097 | Gurudas Banerjee | 1947-49 | L-1188 | Satyabrata Das | 1967-70 |
| L-0032 | Anupam Sett | 1980-82 | L-0565 | Jagadish Dandapat | 1966-68 | L-0503 | Sekhar Chandra Sinharay | 1980-83 |
| L-1146 | Arindam Hazra | 1990-93 | L-1091 | Kunal Das | 1991-94 | L-1882 | Shankha Subhra Patsa | 2005-08 |
| L-1409 | Arnab Mandal | 2001-04 | L-1052 | Manas Ray | 1976-79 | L-0074 | Shyama Prasad Choudhuri | 1955-57 |
| L-0006 | Arun Kumar Das | 1948-50 | L-0277 | Manojendra Bhattacharya | 1972-75 | L-0271 | Snehatosh Majumder | 1971-74 |
| L-0189 | Arun Kumar Chakravorty | 1958-60 | L-0039 | Mohendra G. Biswas | 1954-56 | L-1178 | Som Subhra Banerjee | 1998-01 |
| L-1040 | Arun Kumar Banerjee | 1967-71 | L-0104 | Mrinal Kanti Some | 1953-55 | L-0049 | Somnath Bhattacharya | 1959-61 |
| L-0126 | Ashish Kumar Sen | 1952-54 | L-0547 | Niladri Sekhar Mukherjee | 1980-83 | L-0285 | Subhabrata Mandal | 1990-92 |
| L-0444 | Ashoke Kumar Sinha | 1983-85 | L-0409 | Nilmani Saha | 1951-53 | L-1748 | Subir Kumar Bhuniya | 1988-91 |
| L-0059 | Asok Kumar Mallik | 1968-71 | L-0524 | Nirmal Kumar Bandyopadhyaya | 1981-84 | L-1066 | Subrata Nandi | 1991-94 |
| L-0512 | Atanu Ray | 1984-87 | L-1649 | Paramananda Biswas | 2003-06 | L-1291 | Sudipta Saha | 1985-88 |
| L-0163 | Bejoy Krishna De | 1950-52 | L-0506 | Parthasarathi Bhattacharya | 1985-90 | L-0573 | Sukumar Medda | 1968-71 |
| L-0085 | Bijay Kumar Bhar | 1959-61 | L-0112 | Phalguni Mallick | 1962-65 | L-0438 | Sumantra Seth | 1993-95 |
| L-1429 | Bikas Ball | 1953-55 | L-0454 | Pradyut Datta | 1973-77 | L-0308 | Sushil Kumar Seth | 1967-70 |
| L-0183 | Biplab Mandal | — | L-1088 | Pulak Goswami | 1993-98 | L-0119 | Swapan Ray | 1981-84 |
| L-0421 | Br. Mangalachaitanya (Tamal) | 1995-97 | L-0071 | Purnendu Dasgupta | 1957-59 | L-1205 | Swapan Kumar Das | 1973-76 |
| L-0252 | Chunilal Roy | 1951-53 | L-0337 | Rabindranath Bhattachary | 1956-58 | L-0527 | Tapan Kumar Bera | 1986-89 |
| L-1668 | Debdipta Basu | 2003-06 | L-0024 | Ramendra Nath Chakravarty | 1948-50 | L-1579 | Tapas Kumar Bhattacharjee | 1995-98 |
| L-0254 | Dhiman Ghosh | 1992-95 | L-1043 | Rebanta Bandyopadhyay | 1984-86 | L-0103 | Tapas Kumar Ghosh | 1963-67 |

# স্বাস্থ্য প্রকল্প ঃ পরবর্তী পর্যায়

গত ১৫ আগস্ট, ২০০৮-এ অনুষ্ঠিত বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের অনুমোদনক্রমে "সাঁপুইপাড়া স্বাস্থ্য প্রকল্প" ১লা নভেম্বর ২০০৮ থেকে বন্ধ করে দেওয়া হয় এবং বিকল্প হিসাবে বেলুড় শ্রমজীবী হাসপাতালে চিকিৎসাধীন দরিদ্র রোগীদের চিকিৎসাখরচ বাবদ আংশিক আর্থিক সাহায্যদানের পরিকল্পনা গৃহীত হয়। এই তথ্য প্রাক্তনীবার্তার পূর্ববর্তী সংখ্যায় প্রকাশিত হয়েছে। কিন্তু স্বাস্থ্য প্রকল্পের এই বিকল্প পদ্ধতি পরবর্তী পর্যায়ে বৃহত্তর স্বার্থে কতটা কার্যকরী হয়ে উঠল, তা অনেকেরই অজানা। সে কারণেই এই প্রতিবেদন।

প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির প্রায় দশজন সদস্য গত ১৪ মার্চ, ২০০৯ তারিখে বেলুড় শ্রমজীবী হাসপাতালের কার্যকরী সভাপতির সঙ্গে মিলিত হয়ে সংসদের স্বাস্থ্যপ্রকল্পের এই নতুন পদক্ষেপের সূচনা করেন। এই প্রতিবেদন লেখা পর্যন্ত যে সকল দরিদ্র রোগীকে এই প্রকল্পে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে, তার বিশদ বিবরণ নীচে দেওয়া হল ঃ

| অর্থপ্রদানের তারিখ | রোগীর নাম | ঠিকানা | রোগ/অপারেশনের নাম | প্রদত্ত অর্থ |
|---|---|---|---|---|
| ১। ১৪-৩-২০০৯ | বকুলবালা মণ্ডল | বাসাই কলোনী, কানাইপুর, হুগলী | D.U.B. (Hysterectony) | ২০০০.০০ |
| ২। ২৮-৩-২০০৯ | খগেন্দ্রনাথ সাধু | ১/১, নাথুপাল ঘাট রোড, খড়দা, উঃ ২৪ পরগনা | Prolaps Prostate | ১৫০০.০০ |
| ৩। ২৮-৩-২০০৯ | আজিজুল মণ্ডল (হক) | কেশবপুর, বসিরহাট, উঃ ২৪ পরগণা | Both Bone ORIF | ২০০০.০০ |
| ৪। ২৮-৩-২০০৯ | নূর হোসেন মণ্ডল | মাঝেরগ্রাম, কামদেবপুর, গোপালনগর উঃ ২৪-পরগণা | Renal Stone | ১৫০০.০০ |
| ৫। ৩১-৩-২০০৯ | শেখ নাসিমুদ্দিন | ধাড়সা, দাড়ুয়াতলা লেন, উত্তরপাড়া, হুগলী | Trochendary | ১০০০.০০ |
| ৬। ০২-৫-২০০৯ | শোভা দাস | গরলগাছা, চণ্ডীতলা, হুগলী | Trochendary | ১৫০০.০০ |
| ৭। ২৫-৪-২০০৯ | রবিন ঘোষ | রঘুনাথপুর, কালিরচক, ডানকুনি, হুগলী | Gall Bladder Stone | ১০০০.০০ |
| ৮। ২৩-৫-২০০৯ | কালীপদ চক্রবর্তী | ২১৩, নিরঞ্জন সেন নগর, কলিকাতা-১০৮ | Neck of Femur | ১০০০.০০ |
| ৯। ০৬-৬-২০০৯ | গোপাল পাল | ১৫, শিবনারায়ণ রোড, উত্তরপাড়া, হুগলী | Humarus | ৫০০.০০ |


সংসদের নতুন স্বাস্থ্য প্রকল্পে শ্রমজীবী হাসপাতালে অসুস্থ রোগিণীর হাতে অর্থ তুলে দিচ্ছেন সংসদের সদস্যরা

বিদ্যামন্দিরের বর্তমান ছাত্র নির্মল দলুইকে গত ২২-১১-২০০৮ তারিখে হাতের অপারেশন খরচ বাবদ ২০০০.০০ টাকা এবং ছাত্রাবাস কর্মী বাবুলাল মল্লিককে চোখের চিকিৎসা বাবদ গত ১৮-৪-২০০৯ তারিখে ২০০০.০০ টাকা প্রদান করা হয়।

প্রাক্তনীদের জ্ঞাতার্থে জানাই যে, শ্রমজীবী হাসপাতালে চিকিৎসাধীন দরিদ্র রোগীদের আর্থিক সহায়তার জন্য আবেদনের ফর্ম হাসপাতালে এবং সংসদের অফিসে রাখা আছে। সেই ফর্ম যথাযথভাবে পূরণ করে হাসপাতালেই জমা দিতে হয়। ফর্মের সঙ্গে আঞ্চলিক পঞ্চায়েত প্রধান /কাউন্সিলার/বিধায়ক/সাংসদ প্রদত্ত রোগীর পরিবারের মাসিক আয়ের সার্টিফিকেট এবং রেশন কার্ড বা যে কোনো ঠিকানা সম্বলিত প্রমাণপত্রের জেরক্স কপি জমা দিতে হয়। প্রত্যেক শনিবার সংসদের সম্পাদক ও কার্যনির্বাহী সমিতির কয়েকজন সদস্য বিদ্যামন্দিরে মিলিত হয়ে উপরোক্ত ফর্ম ও প্রমাণপত্রগুলি পরীক্ষার পর আলোচনা করে অনুমোদিত অর্থের পরিমাণ স্থির করেন এবং পরবর্তী সাত দিনের মধ্যে তা হাসপাতাল কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়। প্রত্যন্ত গ্রামাঞ্চলের অত্যন্ত দরিদ্র পরিবারের রোগীরা এই প্রকল্পের দ্বারা প্রত্যক্ষভাবে উপকৃত হচ্ছেন। এ যাবৎ আর্থিক সাহায্যপ্রাপ্ত রোগীর পরিবারের গড় মাসিক আয় ১৫৫০.০০ টাকা। বৃহৎ কর্মকাণ্ডে প্রচুর অর্থের প্রয়োজন। তাই স্বাস্থ্য তহবিলে অর্থের যোগান বৃদ্ধিপ্রাপ্ত হলে সংসদ ভবিষ্যতে আরও বেশী সংখ্যক রোগীর প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিতে পারবে।

—সুশান্ত দে, যুগ্ম সম্পাদক

# এক অনন্য সেবার দ্বিতীয় পর্যায়


বিদ্যামন্দিরে ১৯৬৮-৭১-এর ছাত্ররা

গত বছর এই সময় যে প্রাক্তনীবার্তাটি প্রকাশিত হয়েছিল, সেটিতে আমরা অত্যন্ত আনন্দের সাথে জানিয়েছিলাম যে ১৯৬৮-৭১-এর প্রাক্তনীরা নিজেদের উদ্যোগে একটি কর্পাস ফাণ্ড তৈরী করে প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছিলেন যার সুদ থেকে প্রাপ্ত অর্থ ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে বিদ্যামন্দিরের দুটি ছাত্রের পড়াশুনার খরচ হিসেবে সংসদ বিদ্যামন্দিরকে দিয়েছে। তাঁদের এই আন্তরিক উদ্যোগ আমাদেরকে গভীরভাবে ছুঁয়ে গিয়েছিল। বিদ্যামন্দির এবং প্রাক্তনী সংসদ সানন্দ বিস্ময়ে লক্ষ্য করেছে যে, উক্ত শিক্ষাবর্ষের প্রাক্তনীরা তাঁদের সেই উদ্যোগকে থামিয়ে দেন নি; পরন্তু তাকে আরও এগিয়ে নিয়ে গেছেন, যার ফলশ্রুতিতে এবার আবার তাঁরা সংসদের হাতে কিছু অর্থ তুলে দিয়েছেন। স্মরণীয় এবারের অর্থের পরিমাণ গতবারের চেয়ে আরও বেশী। মোট ৪৯ জন প্রাক্তনী এবং তাঁদের ছাত্রাবাস-অধীক্ষক মহারাজ মিলে এবার সর্বমোট চার লক্ষ ছ'শ এক টাকা তুলে দিয়েছেন সংসদের হাতে। বিদ্যামন্দিরের প্রবীণ এই প্রাক্তনীদের উদ্যোগ আর কেবল 'প্রশংসনীয়' এই আখ্যার জন্যেই থেমে নেই। বস্তুত এরকম কোন আখ্যার অপেক্ষা তাঁরা কখনই করেছেন বলেও আদৌ মনে হয় না। তাঁরা শুধু নীরব আন্তরিকতায় প্রমাণ করেছেন তাঁদের কৈশোর-যৌবনের সন্ধিকালের স্মৃতি-সত্তা-ভবিষ্যত হয়ে কোন্ রাজাসনে বিদ্যামন্দিরের অধিষ্ঠান! আত্মপ্রচারধর্মী তথা বিজ্ঞাপনমূলক সেবাসংস্কৃতির যুগে তাঁদের এই স্বাতন্ত্র্য বিদ্যামন্দির এবং বিবেকানন্দের শিক্ষাভাবনার বাস্তব ফলশ্রুতি হিসেবে প্রাণিত করবে আমাদের সকলকে। আমরা শুনেছি, এই ব্রতযাত্রায় এখনও পথ চলবেন তাঁরা, এ তাঁদের বিদ্যার্থী-সংকল্প। শ্রীশ্রীঠাকুর, মা এবং স্বামীজীর কাছে প্রার্থনা করি, তাঁদের এই শুভ শপথ ও সাধনা তাঁদের যথার্থ আনন্দদান করুক।

(এই শিক্ষাবর্ষের ছাত্রদের এবারের দানের পরিমাণ ও নামের বিস্তৃত তালিকা Grateful Acknowledgement শীর্ষক লেখায় ছাপা হয়েছে।)

—স্বামী শাস্ত্রজ্ঞানন্দ


# News from the Vidyamandira
## (January — June 2009)

Following is a brief outline of various activities during the period under review.


**U. G. C. Sponsored National Seminars**

As given in the table below, four departments organised U. G. C. sponsored seminars during this period. Teachers, students and research scholars from different colleges and institutes participated enthusiastically in these seminars. The speakers and resource persons were of national and international repute.

| Department | Date | Topic | No. of Speakers and Resource Persons |
|---|---|---|---|
| • Computer Science and Applications (National level) | 7.03.09 | Soft Computing Techniques and their Applications | 5 |
| • Industrial Chemistry (National level) | 25.03.09 | Global Warming : Role of Green House Gases and Their Management | 7 |
| • Economics (National level) | 02.04.09 | Quantitative Techniques in Economics | 5 |
| • Bengali (State-level) | 05.05.09 | মানিক বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্য ঃ একালের মূল্যায়নভিত্তিক একটি পুনর্পাঠ | 6 |




অর্থনীতি বিভাগের জাতীয় স্তরের আলোচনা চক্রে সংশ্লিষ্ট গ্রন্থের প্রকাশ করছেন আই এস আই-এর খ্যাতনামা অধ্যাপক সত্যরঞ্জন চক্রবর্তী



অবসরকালীন বিদায়সম্বর্ধনা-সভায় পদার্থবিদ্যার বিদায়ী বিভাগীয় প্রধান অধ্যাপক মৃণাল কান্তি মুখার্জী এবং অন্যতম পরীক্ষণাগার-কর্মী গোকুল চন্দ্র বণিক

**Extension Lectures / Seminar :**

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 03.01.09 | 'Recent Trends in Physics Researches' | Dr. Rajesh Gopakumar, Renowned Scientist, HRI, Allahabad |
| 10.01.09 | 'সংবাদপত্রের সামাজিক দায়বদ্ধতা' | Anindya Jana, Chief of Political Bureau, Ananda Bazar Patrika |
| 14.01.09 | 'From Adult to the Embryo and back to the Future' | Prof. Jayanta Roychowdhury, Albert Einstein College of Medicine, New York. |
| 30.01,09 | 'Regulation and Competitive Equilibrium' | Prof. Anjan Mukherjee, RBI Professor of Economic Theory, J.N.U. |
| 30.01.09 | 'Influence of Indian Culture & Literature on Vietnam' | Prof. Do Thu Ha, Vietnam National University |
| 28.02.09 | 'Discovering Swami Vivekananda in the West' (Swami Tejasananda Memorial Lecture) | Asim Chowdhury |
| 05.03.09 | 'আমার জীবন' | মনিশংকর মুখোপাধ্যায় (শংকর) |
| 21.03.09 | 'আধুনিক বাংলা গান' | কবীর সুমন |
| 24.03.09 | 'Chomsky's Language Philosophy' | Prof. Kumar Mitra, Rabindrabharati University |

**Annual Prize Distribution :** The function was held on 14 March 2009 at the Vivekananda Sabhagriha. It was presided over by Prof. Sugata Marjit, Director and RBI Professor of Industrial Economics, Centre for Studies in Social Sciences, Calcutta. Mr. Satish Chandra Tewary, I.A.S., Principal Secretary, Higher Education Department, Govt. of West Bengal was present as the Chief Guest.

**Achievement of Teachers :** Following teachers of the Vidyamandira have been awarded Ph.D. degree during the period under consideration.

| Name | Title | University |
|---|---|---|
| Subhankar Roy (Bengali) | *Bangla Theatre : Natake Rajniti Banam Rajnaitik Natak* | Rabindra Bharati |
| Arindam Roy (Microbiology) | Behaviour of Foodborn Bacterial Pathogens | North Bengal |
| Prasanta Malik (Mathematics) | A Study of Certain Types of Convergence of Sequences and Double Sequences | Jadavpur |

**Colloquium Lectures :** Two lectures were organised during the period :

1) Prof. Dipak Ghosh on 'Development of Display Devices' (18.04.09); 2) Dr. Pabitra Sarkar on 'Chomski : the Linguist & Social Scientist' (2.05.09)

**Retirement News :**

Dr. Mrinal Kanti Mukherjee, retired on 1 February 2009 after serving in the Department of Physics for a period of 15 years. Sri Gokul Chandra Banik, Laboratory Attendant in the Physics Department also retired w.e.f. 1 February after serving the college for a long period of 46 years.

**New Secretary of the College :** Swami Ajarananda, previously head of the Ramakrishna Math, Cooch Behar has taken responsibility as the Secretary of Ramakrishna Mission Saradapitha and Vidyamandira college from 13 Feb., 2009. He has replaced Swami Girishananda who has left Saradapitha to take charge as the Manager, Belur Math.

**Other Changes :**

- Swami Yajnadharananda (Sunil Maharaj), after his service of little less than five years in the college in various capacities, has left to take up a new assignment at Ramakrishna Mission Centre at Jaipur, Rajasthan.
- Swami Nishthananda (Bikash Maharaj) left for Belur Math on 6.01.09 after a brief stint at Vidyamandira.
- Br. Narasimhachaitanya (Debabrata Maharaj) has joined the Vidyamandira monastic team from March 2009. He is an ex-student of the college.
- Br. Mahendra Chaitanya (Debanjan Maharaj) has been ordained sannyasa on the occasion of Sri Ramakrishna's birthday on 27.02.09. His new name is Swami Krishnanathananda.

**Special Cultural News :**

- Devotional classical songs were presented by Prof. Sugata Marjit, Director, Centre for studies in Social Sciences, on 28.03.09.
- Students of Class XI of R. K. Mission Ashrama Vivekananda Vidyapeeth, Narainpur, Chattisgarh presented a cultural programme on 31.03.09.
- Sri Ramakrishna Leelageeti (শ্রুতিনাটক) was presented by the students of Vidyamandira on the occasion of the Public Celebration of the birth anniversary of Sri Sri Thakur at Belur Math.
- At the National Youth Day Competitions held at Udbodhan, (Baghbazar) and Advaita Ashrama (Calcutta), participants from the Vidyamandira bagged a number of prizes.
- Teachers and monks of Vidyamandira conducted Quiz competitions (on Sw. Vivekananda) at Belur Math, Udbodhan and Bagati College.

**Sports and Games :**

Prizes of Various indoor and outdoor games were distributed by Sri Pranab Roy, ex-cricketer and national selector who was the Chief Guest of the prize distribution function held after the Tejasananda Memorial Cricket match. The Annual Athletics meet was held on 29 January 2009. The corresponding prizes were given away by Sri Pradip Kr. Banerjee, ex-footballer and coach. This year Vidyamandira athletics team bagged 6 medals and became 'Champion' among Howrah District colleges in the XIth Non-Govt. Colleges District level Athletics Meet.

The District Athletics Meet and Football Championship among the Non-govt. Colleges of Howrah District were organised at the playground of the Vidyamandira this year. Our institution became the Champion College (Men) in the Athletics Meet. Sri Shibaji Bannerjee and Sri Bidesh Bose were present as the Chief Guests of the Athletics Meet and Football Championship (Final) respectively.

**NSS Summer Camp :** The Camp was organised at Sri Sri Ramakrishna Ashrama, Bolpur, during 11-18 February 2009. Fifty students and three monastic members participated in the camp and surveyed villages on the outskirts of Bolpur.

**Miscellaneous :**

- 1st year Degree students fetched a total collection of Rs. 13,167/- on the occasion of the Armed Force Flag Day.
- A whole-day seminar on Indian Spiritual Heritage for the staff members of Vidyamandira was held on 23.04.09. Swami Devarajananda and Swami Ajarananda were the speakers, among others.
- A new cultural competition, "Reading of Self-composed poems" was introduced this year.

**—Prof. Tapan Kumar Ghosh**

## সানন্দ নিবেদন

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাই যে, প্রাক্তনী সংসদ ২০০৮-২০০৯ অর্থবর্ষে নিম্নলিখিত ছাত্রদের হাতে তাদের পড়াশুনার জন্যে সংসদের সাধ্যমত সামান্য অর্থ-সহায়তা তুলে দিতে সক্ষম হয়েছে। শ্রীশ্রীঠাকুর, মা ও স্বামীজীর চরণে এই সমস্ত ছাত্রদের সার্বিক উন্নতির জন্যে প্রার্থনা জানাই।

### A. SCHOLARSHIPS TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA FROM THE ASSOCIATION

**Swami Vimuktananda-Dhyanatmananda Memorial Scholarship : 2008-2009**

| Name | Year | Subject | Amount (Rs.) |
|---|---|---|---|
| Tanmay Khanra | I | Political Science | 4,000 |
| Arijit Nath | I | Mathematics | 3,500 |
| Avijit Nath | I | Mathematics | 3,500 |
| Chandi Charan Samanta | I | Industrial Chem. | 3,000 |
| Amit Das | I | Industrial Chem. | 4,000 |
| Suvendu Das | I | Chemistry | 2,000 |
| | | **Total :** | **20,000** |

**Asha-Jyoti Memorial Scholarship : 2008-09**

| Name | Year | Subject | Amount (Rs.) |
|---|---|---|---|
| Sebabrata Ghosh | I | Computer Applications | 1,000 |
| **Graduates of 1971 Scholarship Fund 2008-09** | | | |
| Ramkrishna Mondal | I | Bengali | 9,500 |
| Tarun Kumar Gayen | I | Industrial Chem. | 9,500 |
| | | **Total :** | **19.000** |

### B. SCHOLARSHIPS TO JUST PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA : 2008-09

**Hemchandra Gangopadhyay Memorial Scholarship**

| | | |
|---|---|---|
| Santu Roy | Calcutta University (Physics) | 3,000 |
| **Chandranath De Memorial Scholarship** | | |
| Kartik Malik | Calcutta University (Physics) | 2,000 |
| **Ashutosh Das Memorial Scholarship** | | |
| Dasarath Paul | Jadavpur University (History) | 2,000 |

**General Scholarship**

| | | |
|---|---|---|
| Milan Mondal | IIT, Powai, Mumbai (Chemistry) | 15,000 |
| Narayan Ch. Pal | Jadavpur University (Philosophy) | 3,800 |
| | **Total :** | **18,800** |

## GRATEFUL ACKNOWLEDGEMENT

After the publication of the previous issue of Praktani Varta some more alumni have contributed to the different funds of the Association. Here is a list of such donors with the purpose and amount of donation. Sincere thanks and gratitude to each of them on behalf of the Association.

| Name of the contributor (alphabetically sorted) | Amount Rs. |
|---|---|
| **Swami Tejasananda Memorial Fund :** | |
| Gopinath Dutta (1964-67) | 5,000 |
| **Health Care Project :** | |
| Debasis Ghosh (1984-86) and his father Ananda Mohan Ghosh, Sura Bani Parna Janaseba Kendra | 10,000 |
| Kalyan Bandyopadhyay (1967-71) | 5,000 |
| Dr. Satyabrata Pal (1947-49) | 10,000 |
| **Scholarship :** | |
| Amiya Kumar Basu (1951-53) | 10,000 |
| Swarnabha Chattapadhyay (2004-07) | 1,000 |
| Tapan Kumar Sengupta (1969-73) | 5,000 |
| **General Fund :** | |
| Sourav Dey | 500 |
| **Graduates of 1971 Scholarship Fund :** | |
| Ajit Kumar Dolui | 10,000 |
| Anup Bhattacharya | 10,000 |
| Asim Mitra | 10,000 |
| Asis Bhadra | 10,000 |
| Asok Kumar Mallik | 7,000 |
| Asok Kumar Sinha | 5,000 |
| Atindra Nath Das | 10,000 |

| Name of the contributor (alphabetically sorted) | Amount Rs. |
|---|---|
| **Graduates of 1971 Scholarship Fund :** | |
| Balaram Mondal | 10,000 |
| Bhakti Bhusan Gangopdhyay | 10,000 |
| Chanchal Kumar Ghosh | 10,000 |
| Chandan Roychaudhury | 5,000 |
| Dayamay Nandi | 10,000 |
| Dilip Sengupta | 500 |
| Dipankar Hazra | 10,000 |
| Gautam Hazra Choudhuri | 10,000 |
| Gora Chand Bagui | 10,000 |
| Jasobanta Mahapatra | 6,000 |
| Joydev Jana | 10,000 |
| Kaushik Saha | 10,000 |
| Lakshminarayan Samanta | 10,000 |
| Madhai Mondal | 10,000 |
| Malay Kumar Sen | 6,000 |
| Malay Shanker Bhattacharya | 10,000 |
| Manik Chandra Konar | 1,000 |
| Mrinal Kanti Bir | 5,000 |
| Murari Mohan Mukherjee | 5,000 |
| Naba Kumar Bag | 5,000 |
| Nilkanta Roy | 2,000 |
| Nirmal Banerjee | 10,000 |

| Name of the contributor (alphabetically sorted) | Amount Rs. |
|---|---|
| **Graduates of 1971 Scholarship Fund :** | |
| Pallab Mukherjee | 5,000 |
| Panchu Gopal Samanta | 10,000 |
| Pradip Kumar Paul | 10,000 |
| Prasanta Narayan Dutta | 5,000 |
| Pratap Kumar Das | 10,000 |
| Pravash Chandra Nandy | 10,000 |
| Sankar Roy | 10,000 |
| Satya Ranjan Pramanik | 5,000 |
| Shyamal Baran Das Choudhury | 5,000 |
| Soumendra Nath Roy | 1,001 |
| Sibaprasad Bhattacharyya | 10,000 |
| Subhas Chandra Ghosh | 10,000 |
| Subhas Chandra Patra | 10,000 |
| Surya Chattopadhyay | 10,000 |
| Sushil Kumar Seth | 1,000 |
| Swami Sharanyananda (Superintendent concerned) | 1,000 |
| Swami Vimalatmananda | 20,100 |
| Swapan Kumar Dutta | 10,000 |
| Syamalendra Nath Mitra | 10,000 |
| Tapan Kumar Jana | 10,000 |
| Udayan Gangopadhyay | 5,000 |

—সংকলক ঃ **শুভজিৎ দত্ত**, কোষাধ্যক্ষ

## প্রাক্তনী সংসদ সমাচার

স্বামী বিবেকানন্দ বলেছিলেন ঃ **The life is short, the vanities of the world are transient, but they alone live who live for others, the rest are more dead than alive.** স্বামীজীর এই বাণী এই স্বার্থকলুষিত ধরণীতে এক প্রদীপশিখার মত। বিদ্যামন্দিরে আমরা যারা পড়াশুনা করেছি, তাদের জীবনে এর ব্যবহারিক উপযোগিতা নিশ্চয়ই প্রণিধানযোগ্য। আমাদের প্রাত্যহিক জীবনে এর যথাসামর্থ্য অনুসরণ যেমন স্বামীজীর স্বপ্নের বিদ্যামন্দিরের কাজে আমাদের এগিয়ে আসতে প্রেরণা যোগাবে, তেমনই বাইরের জগতের দরিদ্র মানুষের পাশে দাঁড়াবার জন্যেও উৎসাহ দেবে। বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদ আজ সেই প্রেরণা সাথে করে এগিয়ে চলবার শপথবদ্ধ।

**স্বাস্থ্য প্রকল্প ঃ** গত ১৪ মার্চ ২০০৯ তারিখে বেলুড় শ্রমজীবী হাসপাতালে প্রাক্তনী সংসদের কার্যকরী সমিতির সহ-সভাপতিদ্বয়, সম্পাদক, যুগ্ম সম্পাদকদ্বয় এবং অন্যান্য কয়েকজন সদস্যের উপস্থিতিতে সংসদ পরিচালিত স্বাস্থ্য প্রকল্পের নতুন ধারার কাজটি চালু হয়। এ সম্পর্কে একটি বিস্তারিত প্রতিবেদন এই বার্তাপত্রে আছে। তাই এখানে তার পুনরুল্লেখ অপ্রয়োজনীয় বলে আমরা সেইদিকে এগোলাম না; কিন্তু প্রসঙ্গত জানাই যে, বেশ দীর্ঘ আলোচনাসাপেক্ষে সংসদের এই পরিবর্তিত কর্মসূচীটি ইতিমধ্যেই অনেকের দৃষ্টি আকর্ষণ করছে। বস্তুত, আমাদের সাধ ও সাধ্যের মধ্যে ব্যবধান যত কমাতে পারব আমরা, ততই এই প্রকল্পে সাফল্য আসবে।

**ছাত্রবৃত্তি প্রকল্প ঃ** গত বছরের মত এবছরেও ১৮ এপ্রিল তারিখে বিদ্যামন্দিরে এসেছিলেন ১৯৬৮-৭১-এর প্রাক্তনীরা এবং সংসদের হাতে তুলে দিয়েছেন তাঁদের প্রবর্তিত ছাত্রবৃত্তি প্রকল্পে আরো চার লক্ষ ছ'শ এক টাকা। পরিমাণের হিসেব বাইরে রেখে, তাঁদের এই সানুভব আন্তরিকতা ছুঁয়ে যাচ্ছে আমাদের নিয়ত। প্রাক্তনীবার্তায় দরিদ্র ছাত্রদের আর্থিক সহায়তার জন্যে যে প্রকল্প প্রবর্তনের কথা আমরা বলেছিলাম, এই মান্য সতীর্থদের অগ্রগামী প্রযত্নে, তা আজ প্রায় রূপায়িত এক স্বপ্ন। এছাড়াও এই প্রকল্পে নীরবে এগিয়ে এসেছেন আরও অনেকে। আমরা এবাবদে পৃথক দুটি প্রতিবেদন প্রকাশ করেছি বর্তমান সংখ্যায়।

**উত্তরপ্রজন্মের পাশে যখন সংসদ ঃ** অন্যান্যবারের মতই এবারেও আমরা বিদ্যামন্দিরের ছাত্রদের হাতে তুলে দিতে পেরেছি সংসদের সামান্য অর্থসহায়তা। এটির স্বতন্ত্র তালিকা আমরা এই বার্তাপত্রেই প্রকাশ করছি বলে এখানে আর উল্লেখ করলাম না; শুধু ভগবান শ্রীরামকৃষ্ণদেবের কাছে প্রার্থনা জানাই, এরা উত্তরকালের সার্থক নাগরিক হয়ে উঠুক; সেই ভাবীকালে এরাও আসুক আজকের আমাদের হাতে-ধরা পতাকা বহন করতে।

**স্বামীজী ক্যুইজ ঃ** কলকাতা সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বার্ষিক পরীক্ষাসূচী এখন পরিবর্তিত হওয়ায় বিভিন্ন কলেজের টেস্ট পরীক্ষাগুলি অনুষ্ঠিত হচ্ছে ফেব্রুয়ারী থেকে এপ্রিল মাসের মধ্যে। ফলত, কলেজগুলি থেকে প্রতিযোগী পাওয়া সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। তাই এবারে ক্যুইজ আয়োজন করা সম্ভব হয়নি। আশা করি, সামনের অর্থবর্ষে উপযুক্ত সময় পেলে এটি আয়োজন করা সম্ভব হবে।

**শেষের কথা ঃ** ছাত্রবৃত্তি প্রকল্প ছাড়াও সংসদের বিভিন্ন প্রকল্পে দান করেছেন অনেকে। তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই। বিবেকানন্দ সম্মেলন এবার ঠিক কোন্ জেলায় হবে তা সম্পূর্ণ নির্ধারিত না হলেও, চিন্তা-ভাবনা চলছে দক্ষিণ দিনাজপুর জেলায় তা আয়োজন করার। আশা করি, সে সম্পর্কে সিদ্ধান্ত অল্পদিনের মধ্যেই স্থিরীকৃত হয়ে যাবে। এই কার্যনির্বাহী সমিতির মেয়াদ শেষ হচ্ছে এবারের আগস্ট মাসেই। তিন বছরের এই নাতিদীর্ঘ সময়কালে যাঁরা যেভাবে সহায়তা করেছেন এই প্রাক্তনীবার্তা প্রকাশে, সংসদের পক্ষ থেকে তাঁদের জানাই আন্তরিক কৃতজ্ঞতা। সশ্রদ্ধ কৃতজ্ঞতা জানাই প্রধান সম্পাদক শ্রী নিত্যনিরঞ্জন কুণ্ডু মহাশয়কে এবং প্রাক্তনীবার্তার সম্পাদকমণ্ডলীকে। আগামী দিনের প্রসারিত পথে এই প্রাক্তনীবার্তা চলে-যাওয়া দিনগুলির মতই বিদ্যামন্দির এবং সংসদের মধ্যে যোগ্য যোগসূত্র হয়ে উঠুক, এই প্রার্থনা।

**মনোজ কুমার ভট্টাচার্য**, কর্মসচিব



শ্রমজীবী হাসপাতাল কর্তৃপক্ষ এবং প্রথম সহায়তাপ্রাপ্ত রোগিণীর সাথে সংসদের কার্যনির্বাহী সমিতির সদস্যরা



Graduates of 1971 স্কলারশিপের দ্বিতীয় পর্বের দানের সময় ৬৮-৭১-এর ছাত্রেরা তাঁদের অধীক্ষক মহারাজের সাথে আবার একবার


### প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু

সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ

প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ ডঃ সুব্রত গাঙ্গুলি (প্রাক্তনী), ডাঃ ধীমান গাঙ্গুলি (প্রাক্তনী)

**Website : www.alumnividyamandira.in**


PRINTED MATTER


**If undelivered, please return to :**
**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com**



Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association
Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Phone : 2654-3536